



UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF)

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)

Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.

Email. updfcht@yahoo.com Website: www.updfcht.org

Ref:

Date: ২৫ জানুয়ারি ২০১৪

প্রেস বিজ্ঞপ্তি

নান্যাচরের ঘিলাছড়িতে সন্তু গ্রুপের সন্ত্রাসীদের গুলিতে নিহত ১, আহত ১

ইউপিডিএফের নিন্দা ও প্রতিবাদ, সন্ত্রাসীদের গ্রেফতার ও শাস্তির দাবি

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট(ইউপিডিএফ) রাঙামাটি জেলা ইউনিটের সংগঠক সচল চাকমা আজ ২৫ জানুয়ারি শনিবার এক বিবৃতিতে গতকাল শুক্রবার(২৪ জানুয়ারি) বিকালে রাঙামাটির নান্যাচর উপজেলার ঘিলাছড়ি এলাকায় জেএসএস সন্তু গ্রুপের সশস্ত্র হামলায় সাবেক ইউপিডিএফ সদস্য সন্তোষ চাকমা ওরফে হিমেল(২৮) নিহত ও সমর্থক জীবন কুমার চাকমা (৩০) আহত হওয়ার ঘটনায় তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়েছেন।

বিবৃতিতে তিনি এ হামলার ঘটনাকে ন্যাকারজনক ও কাপুরুষোচিত উল্লেখ করে বলেন, উষাতন তালুকদার এমপি নির্বাচিত হওয়ার পর জেএসএস সন্তু গ্রুপের সশস্ত্র সন্ত্রাসীরা বেপরোয়া হয়ে ইউপিডিএফের কর্মী, সমর্থকদের আবারো হত্যাকাণ্ড শুরু করেছে। অথচ তিনি এমপি নির্বাচিত হলে পার্বত্য চট্টগ্রামে শান্তি প্রতিষ্ঠার জন্য জনগণকে ওয়াদা দিয়েছিলেন।

বিবৃতিতে তিনি আরো বলেন, ইউপিডিএফ পার্বত্য চট্টগ্রামে ভ্রাতৃত্বাতি সংঘাত বন্ধের লক্ষ্যে বার বার একেবারে প্রস্তাব দিলেও সন্তু গ্রুপ ইউপিডিএফ নির্মূলের কর্মসূচি বাস্তবায়নের মাধ্যমে পার্বত্য চট্টগ্রামে সংঘাতকে জিইয়ে রাখতে মরিয়া হয়ে উঠেছে। রাঙামাটির বিভিন্ন জায়গায় তারা প্রকাশ্যে সশস্ত্র তৎপরতা চালালেও প্রশাসন তাদের বিরুদ্ধে কোন পদক্ষেপ গ্রহণ না করে প্রত্যক্ষ ও পরোক্ষভাবে সহযোগিতা দিয়ে যাচ্ছে।

বিবৃতিতে তিনি অবিলম্বে সন্তোষ চাকমার হত্যাকারী ও হামলাকারী সন্তু গ্রুপের সশস্ত্র সন্ত্রাসীদের গ্রেফতারপূর্বক দৃষ্টান্তমূলক শাস্তির দাবি জানিয়েছেন। এছাড়া তিনি সন্তু গ্রুপের সন্ত্রাসীদের সশস্ত্র তৎপরতা বন্ধে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ ও তাদেরকে সহযোগিতা ও মদদদান বন্ধের জন্য প্রশাসনের প্রতি আহ্বান জানিয়েছেন।

উল্লেখ্য, গতকাল শুক্রবার বিকালের দিকে সাবেক ইউপিডিএফ সদস্য সন্তোষ চাকমা সহ তিন যুবক মোটর সাইকেল চালনা শেখার সময় নান্যাচর উপজেলার ঘিলাছড়ি ইউনিয়নের শিয়াল্যা পাড়া যাওয়ার রাস্তার মুখ এলাকায় আগে থেকে ওঁৎ পেতে থাকা সন্তু গ্রুপের সশস্ত্র সন্ত্রাসীদের গুলিতে সন্তোষ চাকমা ও জীবন কুমার চাকমা গুরুতর আহত হয়। অপরজন কোন রকমে পালিয়ে প্রাণে রক্ষা পান। পরে সন্ধ্যায় স্থানীয় লোকজন গুরুতর আহত অবস্থায় তাদের উদ্ধার করে চিকিৎসার জন্য চট্টগ্রামে পাঠিয়ে দেয়। সেখানে একটি হাসপাতালে রাত পৌনে ১১টার দিকে সন্তোষ চাকমা মারা যায়। সন্তোষ চাকমা বুড়িঘাট ইউনিয়নের শিয়াল্যা পাড়া এলাকার তরুণী পাড়ার বাসিন্দা জ্ঞান বিকাশ চাকমার ছেলে।

এর আগে ২০০৩ সালে ১৫ মে একইভাবে ঘিলাছড়ি এলাকায় সন্তু গ্রুপের সশস্ত্র সন্ত্রাসীদের ব্রাশ ফায়ারে সন্তোষ চাকমার বড় ভাই লেন্দুচান চাকমা(বিপুব) নিহত হয়েছিলেন।

বার্তা প্রেরক

নিরন চাকমা

প্রচার ও প্রকাশনা বিভাগ

ইউপিডিএফ।